ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৭৩১

কৈলাসহর, ১৬ মে, ২০২৫

**চন্ডীপুর ব্লকে ধরতি আভা জনজাতীয় উৎকর্ষ অভিযানে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত**

চন্ডীপুর ব্লকের রাংরুং গ্রাম পঞ্চায়েতের রাংরুং টি ই হাই স্কুলে গতকাল ধরতি আভা জনজাতীয় উৎকর্ষ অভিযানের অঙ্গ হিসেবে এক প্রশাসনিক শিবিরের আয়োজন করা হয়। শিবিরে কৈলাসহর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৮টি এসটি, ৩টি এসসি, ১৩টি পিআরটিসি, ১১টি আর্ধার কার্ড ও ৭টি ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। বন দপ্তরের পক্ষ থেকে ১০৫ জন সুবিধাভোগীকে বিভিন্ন প্রজাতির চারা গাছ প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৯৭ জনকে প্রাথমিক চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ১০৯টি গবাদী পশু চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর ১১ জনের কাছ থেকে পিএম কিষাণ সম্মান নিধি ও ৩ জনের কাছ থেকে কেসিসি লোনের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে চন্ডীপুর ব্লক এলাকার ৬২ জনের কাছ থেকে আর ও আর -এর জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়। উক্ত শিবিরে ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর, রাংরুং গ্রাম পঞ্চায়েতের প্রধান কিষাণ উরাং সহ চন্ডীপুর ব্লকের বিডিও দেবপ্রিয়া দাস ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****